**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**16 MARCH 2025** **7:45—7:55 PM IST**

==========================================================================

১। বড়োলেন্ডের উন্নয়নের জন্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের প্রকাশ ।

২। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের পৌরহিত্যে উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলির মুখ্যমন্ত্রীদের এক বৈঠকে ফৌজদারী আইন সমুহ রূপায়নের পর্যালোচনা ।

৩। আসাম পুলিশের কন্স্টেবল ও সম পর্যায়ের অন্যান্য পদগুলির লিখিত পরীক্ষার সময়সূচী পরিবর্তন ।

৪। শিক্ষা মন্ত্রী ডাঃ রণোজ পেগুর আজ আসাম বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে স্বাধীনতা সংগ্রামী বীর শম্ভুধন ফাংলোর প্রতিমূর্তি উন্মোচন ।

এবং

৫। শিলচর রামকৃষ্ণ মিশনের শতবর্ষ উদযাপন উপলক্ষে আজ এক বর্ণাঢ্য শোভাযাত্রার পথ পরিক্রমা ।

বড়োল্যান্ডের উন্নয়নের জন্য সরকার প্রতিশ্রুতিদ্ধ বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ প্রকাশ করেছেন । আজ কোকরাঝারের দোতমায় নিখিল বড়ো ছাত্র সংস্থার ৫৭ তম বার্ষিক অধিবেশনে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থেকে শ্রী শাহ বলেন যে কেন্দ্রীয় সরকার বড়ো চুক্তির সব দফা রুপায়ন করতে প্রতিশ্রুতিবদ্ধ । শ্রী শাহ বলেন
বাইট ----

। আগে বড়োল্যান্ড হিংসা জর্জরিত অঞ্চল হিসেবে পরিচিত ছিল কিন্তু বর্তমানে এই অঞ্চলের যুব সম্প্রদায় উন্নয়নকে অগ্রাধিকার দিচ্ছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর গৃহীত কল্যাণমূলক পদক্ষেপের ফলে এই অঞ্চলের যুব সম্প্রদায় সমাজের মূল স্রতে ফিরে এসেছে বলে উল্লেখ করে তিনি বি টি আরে সম্প্রতি শান্তি বিরাজ করছে বলে শ্রী শাহ জানান ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা বি টি আর অঞ্চলের শৈক্ষিক পরিকাঠামো ত্বরান্বিত করার জন্য বেশ কিছু প্রকল্পের বিষয়ে ঘোষনা করেন।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ বিকেলে উত্তরপূর্বাঞ্চলের রাজ্য সমুহের মুখ্যমন্ত্রীদের সঙ্গে অনুষ্ঠিত এক বিশেষ বৈঠকে অধ্যক্ষতা করেন ।এই বৈঠকে উত্তরপূর্বাঞ্চলে নতুন ফৌজদারী আইনগুলো রূপায়নের বিষয়ে পর্যালোচনা করা হয় ।বৈঠকে রাজ্য প্রশাসন সমুহের উচ্চপদস্থ আধীকারীকরা অংশগ্রহণ করেন ।

---

আসাম পুলিশের কনষ্টেবল ও সমপর্যায়ের পদগুলির জন্য লিখিত পরীক্ষা আগামী ২৩ শে মার্চের পরিবর্তে ৬ ই এপ্রিল অনুষ্ঠিত হবে ।আসাম পুলিশের রাজ্য পর্যায়ের নিযুক্তি পর্ষদ আজ এক বিজ্ঞপ্তীর মাধ্যমে একথা ঘোষনা করেন । প্রশাসনিক কারনে পরীক্ষার দিন পরিবর্তন করা হয়েছে বলে পর্ষদ জানান । লিখিত পরীক্ষায় অবতীর্ন হোয়ার জন্য যোগ্য প্রার্থীরা পয়লা এপ্রিল সকাল ১১ টা থেকে প্রবেশপত্রগুলি ডাউনলোড করতে পারবে ।

---

সমগ্র দেশে আজ জাতীয় প্রতিষেধক দিবস পালন করা হয়েছে । টীকাকরণের প্রয়োজন সম্পর্কে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে প্রতিবছর ১৬ ই মার্চ দিনটি প্রতিষেধক দিবস হিসেবে পালন করা হয় । সামাজিক মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রনালয়ের প্রকাশ করা তথ্য অনুযায়ী দেশের প্রতিটি শিশুকে সুরক্ষা দেওয়ার লক্ষে উপনীত হোয়ার জন্য টীকাকরণ হচ্ছে মূল চালিকা শক্তি ।রাজ্য সরকারগুলির সংগে উৎসর্গিকৃত প্রথমসারির স্বাস্থ্যকর্মীদের সহযোগীতায় দেশের শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা  শক্তিশালী করার জন্য স্বাস্থ্য মন্ত্রনালয় বদ্ধপরিকর বলে সূত্রে উল্লেখ করা হয়েছে ।উল্লেখ্য শিশুদের সম্পূর্ন টীকাকরণে অর্ন্তভূক্ত করারুদেশ্যে ২০১৪ সালে মিসন ইন্দ্রধনুশের সূচণা করা হয়েছিল । শিশু মৃত্যুর হার হ্রাস করা সহ ত্বরান্বিতভাবে শিশুদের সব রণের টীকাকরণে অর্ন্তভুক্ত করাই এই পদক্ষেপের মূল উদ্দেশ্য ।

---

সমগ্র দেশে আজ জাতীয় প্রতিষেধক দিবস পালন করা হয়েছে । টীকাকরণের প্রয়োজন সম্পর্কে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে প্রতিবছর ১৬ ই মার্চ দিনটি প্রতিষেধক দিবস হিসেবে পালন করা হয় । সামাজিক মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রনালয়ের প্রকাশ করা তথ্য অনুযায়ী দেশের প্রতিটি শিশুকে সুরক্ষা দেওয়ার লক্ষে উপনীত হোয়ার জন্য টীকাকরণ হচ্ছে মূল চালিকা শক্তি ।রাজ্য সরকারগুলির সংগে উৎসর্গিকৃত প্রথমসারির স্বাস্থ্যকর্মীদের সহযোগীতায় দেশের শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা  শক্তিশালী করার জন্য স্বাস্থ্য মন্ত্রনালয় বদ্ধপরিকর বলে সূত্রে উল্লেখ করা হয়েছে ।উল্লেখ্য শিশুদের সম্পূর্ন টীকাকরণে অর্ন্তভূক্ত করারুদেশ্যে ২০১৪ সালে মিসন ইন্দ্রধনুশের সূচণা করা হয়েছিল । শিশু মৃত্যুর হার হ্রাস করা সহ ত্বরান্বিতভাবে শিশুদের সব রণের টীকাকরণে অর্ন্তভুক্ত করাই এই পদক্ষেপের মূল উদ্দেশ্য ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আজ বিশ্ববিদ্যালয়ে উত্তর-কাছাড় পার্বত্য অঞ্চলের স্বাধীনতা সংগ্রামী বীর শম্ভুধন ফাংলোর ১৭৫তম জন্ম বার্ষিকী যথাযোগ্য মর্য্যাদায় পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ রাজ্যের শিক্ষামন্ত্রী ডক্টর রনোজ পেগু বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে স্বাধীনতা সংগ্রামী শম্ভুধন ফাংলোর একটি প্রতিমূর্তির উন্মোচন করেন । পরে বিপিন চন্দ্র পাল সভাকক্ষে আয়োজিত সভায় বক্তব্য রাখতে গিয়ে শিক্ষামন্ত্রী ডক্টর পেগু বলেন যে ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে শম্ভুধন ফাংলোর অবিচল সংগ্রাম আমাদের চিরকাল অনুপ্রানিত করবে । শিক্ষামন্ত্রী আরো বলেন যে সরকারের লক্ষ্য জনজাতি নেতাদের অবদান সংরক্ষন করা এবং তাদের ঐতিহ্যকে ভবিষ্যৎ প্রজন্মের পথ প্রদর্শক হিসেবে তুলে ধরা । শিক্ষামন্ত্রী আসাম বিশ্ববিদ্যালয়ে একটি জাদুঘর স্থাপনের কথা জানান যাতে রাজ্যের আদিবাসী জনগোষ্টীর সমৃদ্ধ সংস্কৃতি ও ঐতিহ্যের  সংরক্ষনাগার করা হবে ।

**শিক্ষামন্ত্রী ডক্টর পেগু বলেন ---- বাইট**

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যের খাদ্য ,গণবন্টন , বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই বলেন যে ইতিহাসের উপেক্ষিত বীরদের আত্মত্যাগ ও অবদান সংরক্ষন করা ভবিষ্যৎ প্রজন্মের মধ্যে গর্ব ও আত্ম-পরিচয়ের অনুভূতি সৃষ্টিতে সহায়ক হবে ।

আজকের অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে মন্ত্রী নন্দিতা গারলোসা , আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক রাজীব মোহন পন্থ , বিধায়ক নীহার রঞ্জন দাস , বিজেপির কাছাড় জেলা সভাপতি রূপম সাহা , সমাজকর্মী নিখিল বর্মন , দিলীপ নুনিসা প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের শতবর্ষ উদযাপন উপলক্ষে আজ এক বিশাল বর্ণাঢ্য শোভাযাত্রা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে । সকাল সাড়ে ছ’ টায় শিলচর টাউন ক্লাব ময়দান থেকে ঠাকুর শ্রী রামকৃষ্ণ , শ্রী মা সারদা ও স্বামী বিবেকানন্দের প্রতিকৃতি নিয়ে শুরু হওয়া এই ঐতিহাসিক শোভাযাত্রায় জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে বিভিন্ন সম্প্রদায়ের লোকেরা পরম্পরাগত পোষাকে অংশগ্রহণ করেন ।বরাক উপত্যকার বিভিন্ন ধর্মীয় সংস্থা ,রামকৃষ্ণ পাঠচক্র , সারদা সংঘের বিভিন্ন শাখা ভক্তিমূলক সঙ্গীত পরিবেশন করে ।এছাড়া বিভিন্ন সাংস্কৃতিক , সামাজিক , ক্রীড়া সংগঠন , স্কুল কলেজের ছাত্রছাত্রী , শিলচর জেলা ক্রীড়া সংস্থা , এন সি সি কেডেট ,হাইলাকান্দি মিজোরাম সীমান্তে বসবাস করা উপজাতিরা ঠাকুর , মা স্বামীজীর বাণী

লেখা প্লেকার্ড হাতে নিয়ে শোভাযাত্রায় অংশগ্রহণ করে । শোভাযাত্রায় হাতি , ঘোড়া , পালকি সহ ২০ টি ট্যাবলো , রামকৃষ্ণ মিশনের নতুন মন্দিরের আদলে ট্যাবলো ,ব্যান্ড, ঢাকির দল ইত্যাদির নজরকাড়া প্রদর্শন ছিল ।শোভাযাত্রায় রামকৃষ্ণ মিশনের ভাইস প্রেসিডেন্ট গিরিশানন্দজী মহারাজ সহ দেশের বিভিন্ন রামকৃষ্ণ মঠ ও মিশন থেকে আগত সন্যাসীরা অংশগ্রহণ করেন ।

---

শোভাযাত্রায় শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য , বিধায়ক দিপায়ন চক্রবর্তী অংশগ্রহণ করেন ।
এছাড়া রামকৃষ্ণ মিশনে আজ বিকেলে এক ধর্মসভার আয়োজন করা হয় । আগামীকাল বিশেষ পূজো ও যজ্ঞ অনুষ্ঠিত হবে এবং আগামী মঙ্গলবার নতুন মন্দিরের দ্বারোদঘাটন করা হবে ।

---

বিষ্ণুপ্রিয়া মণিপুরী গণ সংগ্রাম পরিষদ , নিখিল বিষ্ণুপ্রিয়া মণিপুরী স্টুডেন্টস ইউনিয়ন , বিষ্ণুপ্রিয়া মণিপুরী মহিলা সংস্থা , বিষ্ণুপ্রিয়া মণিপুরী প্রাক্তন পরিষেবা সংস্থা , বিষ্ণুপ্রিয়া মণিপুরী  ডিপ্লোমা হোল্ডারাস সংস্থার যৌথ উদ্যোগে আজ কাছাড় জেলার বিহাড়া তৃতীয় খন্ডে ভাষা শহীদ সুদেষ্ণা সিনহার ২৯তম শহীদ দিবস পালন করা হয়েছে । প্রথমে সংস্থাগুলির পক্ষ থেকে  সুদেষ্ণা সিনহার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয় । এরপর আয়োজিত আলোচনা সভায় শ্যাম কিশোর সিনহা , ফুল কুমার সিনহা , কানাইলালা সিনহা প্রমূখ বক্তব্য রাখেন ।

---